হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ দ্বাদশ খণ্ড ॥

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

সম্পাদনা

ধরিত্রী রায়

অসীমকুমার চট্টোপাধ্যায়

দীপায়ন : ২০ কেশব সেন স্ট্রীট । কলিকাতা-৭০০ ০০৯

Hindusthani Sangeet-Paddhati

by

Pandit Bishnunarayan Bhatkhande

Vol.—XII

বঙ্গানুবাদ
সন্দীপন ভট্টাচার্য ॥ অসীমকুমার চট্টোপাধ্যায়
প্রথম প্রকাশ ॥ আষাঢ় ১৩৯৯
প্রকাশক ॥ রেণুকা সাহা
২০ কেশব সেন স্ট্রীট ॥ কলিকাতা ৭০০ ০০৯
প্রচ্ছদপট ॥ সন্দীপন ভট্টাচার্য
মুদ্রাকর ॥ দি প্যারট প্রেস
৭৬/২ বিধান সরণী ॥ কলিকাতা ৭০০ ০০৬

পরম পণ্ডিত সঙ্গীতশাস্ত্রজ্ঞ স্বামী প্রজ্ঞানানন্দ মহারাজের

করকমলে

প্রকাশনা প্রসঙ্গে

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে বিরচিত 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি'র দ্বাদশ খণ্ড প্রকাশিত হল। কাগজের দুষ্প্রাপ্যতা এবং অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, বিদ্যুতাভাবে ছাপাখানার কাজের অসুবিধা ইত্যাদি কারণে খণ্ডগুলি দ্রুত প্রকাশ করা সম্ভবপর না হওয়ার জন্য গুণী পাঠক ও শুভানুধ্যায়ীদের নিকট আমরা ক্ষমাপ্রার্থী।

এই খণ্ডে শাস্ত্রীয় পরিচয়ের সাথে কাফী ঠাটের রাগসমূহ যথা—রাগ সুহা, সুধরাঈ, শাহনা, নায়কী, দেশাখ্য (দেবশাখ), কৌশিক কানড়া বা (কোঁসী), মেঘমল্লার, সুরমল্লার, রামদাসীমল্লার, নটমল্লার, মীরাবাঈকী মল্লার, চরজুকী মল্লার, চঞ্চলসসমল্লার, ধুলিয়ামল্লার, রূপমঞ্জরীমল্লার, শ্রীরঞ্জনী, আভোগী, চন্দ্রকোঁস, গৌড়, মালগুঞ্জ : আশাবরী ঠাটের রাগ-সমূহ যথা—রাগ দেসী, কোমল দেসী, গান্ধারী, দেবগান্ধার, খট, খট তোড়ী, জঙ্গলা, খীলফ, গোপিকা বসন্ত (গোপিবসন্ত) সিন্ধ ভৈরবী ; ভৈরবী ঠাটের রাগসমূহ যথা—রাগ বিলাসখানী তোড়ী, মোটকী, ভূপাল তোড়ী, উত্তরী গুণকলী, বসন্ত মুখারী ; তোড়ী ঠাটের রাগসমূহ যথা—রাগ গুর্জরী তোড়ী, লাচারী তোড়ী, লক্ষ্মীতোড়ী, ভূপাল তোড়ী, বহাদুরী তোড়ী, অঞ্জনী তোড়ী,—এই আটত্রিশটি রাগের মোট ১৩৪টি গান স্বরলিপিসহ দেওয়া হয়েছে। বইটির মরাঠী ও হিন্দী সংস্করণ অনুযায়ী সমস্ত বিষয় মূলানুগ রাখলেও কিছু কিছু রাগের নাম এবং গানের শব্দ আমরা বাংলায় প্রচলিত উচ্চারণ অনুযায়ী দিয়েছি। স্বরলিপির শেষে প্রতিটি রাগের বিস্তারিত স্বর-বিস্তার দেওয়া হয়েছে এবং অন্তর্ভুক্ত সমস্ত গানের বাণীগুলিকে রাগ-অনুসারে আলাদা করে দেওয়া হয়েছে পরিশিষ্ট হিসেবে।

দ্রুত প্রকাশ করার তাগিদে অনবধানতাবশত কিছু কিছু ছাপার ভুল রয়ে যাচ্ছে, পরবর্তী সংস্করণে এইসব ভুল নিশ্চিত সংশোধন করা সম্ভবপর হবে বলে আশা করছি।

ভারতীয় শাস্ত্রীয় সংগীতের এই চিরায়ত গ্রন্থ প্রকাশ করতে গিয়ে যখনই প্রয়োজন হয়েছে অকৃপণ সহযোগিতা এবং উৎসাহ দিয়ে যাঁরা সাহায্য করেছেন, সেইসব প্রাজ্ঞ সঙ্গীতজ্ঞ মহোদয় ও সঙ্গীতানুরাগী সুহৃদগণকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

॥ শিক্ষকদের প্রতি ॥

১. যে-কোন স্বরকে ষড়্‌জ (সা) ধরে নিয়ে শিক্ষার্থীদের ঐ স্বরের সঙ্গে মিলিয়ে অভ্যাস করানো দরকার। শিক্ষকদের উচিত নিজে ষড়্‌জ স্বরকে স্পষ্ট, গভীর ও মধুর গলায় উচ্চারণ করে দেখানো এবং শিক্ষার্থীদের প্রতিদিন বারবার উচ্চারণ করানো।

২. কোন শিক্ষার্থী যেন শিক্ষকের সঙ্গে না গায়, সেদিকে খেয়াল রাখা উচিত। প্রথমে শিক্ষক নিজে গেয়ে শোনাবেন, তারপর শিক্ষার্থীরা সেইভাবে গাইবে।

৩. কোন শিক্ষার্থী যেন গলা চেপে না-গায়, সেদিকেও মনোযোগ দেওয়া দরকার।

৪. একসঙ্গে তিনজনের বেশী শিক্ষার্থীকে গান গাওয়ানো উচিত নয়।

৫. স্বরজ্ঞান শেখানোর জন্য প্রথম থেকেই ব্ল্যাকবোর্ড ব্যবহার করুন। ব্ল্যাকবোর্ডে স্বরপঙক্তি লিখে শিক্ষার্থীদের দিয়ে তা পড়ান।

৬. শিক্ষার্থীদের দ্বারা উচ্চারিত স্বর-স্থান, শ্বাসক্রিয়ার (দম) দিকে নজর দিতে হবে। তারা ক্লান্ত হয়ে পড়ছে কিনা, তাও দেখা দরকার।

৭. সরগম শুরু করানোর আগে দেখে নেওয়া দরকার শিক্ষার্থীদের স্বরজ্ঞান ভালোমতো তৈরী হয়েছে কিনা। কারণ, সরগমের জ্ঞান তৈরী হলে রাগজ্ঞান গড়ে উঠতে থাকে। কাজেই স্বরজ্ঞান সুদৃঢ় করে তোলা দরকার।

৮. স্বর শেখানোর আগেই তাল এবং মাত্রার ব্যাপারে শিক্ষা দেওয়া দরকার, কারণ সরগম শেখার জন্য তাল ও মাত্রা সম্বন্ধে স্বচ্ছ ধারণা থাকা একান্তই জরুরী।

৯. গানের কথা শেখানোর আগে ঐ কথাগুলির উপরে লিখিত স্বরসমূহ অলঙ্কারসহ তোর অভ্যাস করাতে হবে শিক্ষার্থীদের।

১০. শুদ্ধস্বরের পাঠগুলি পড়া এবং বলা ভালোভাবে রপ্ত হয়ে যাওয়ার পর বিকৃত স্বরগুলির দিকে মনোযোগ দিতে হবে। বিকৃত স্বরগুলির স্থান শুদ্ধস্বরের অর্ধান্তরে হয়ে থাকে, তাই এগুলি বোঝানোর সময় 'গম' এবং নিসা' এই স্বরগুলিকে কাজে লাগান। যেমন, 'মপ' এই স্বরগুলির মধ্যে মধ্যে 'নিসা' উচ্চারণ করান। বিকৃত স্বর ঠিক কখন এবং কীভাবে শেখানো হবে, তা নির্ভর করে শিক্ষকের বিবেচনা ও যোগ্যতার ওপর।

॥ ব্যবহৃত স্বরচিহ্ন পরিচিতি ॥

রে, গ, ধ, নি—এই স্বরগুলির নিচে '—' এরকম আড়াআড়ি রেখা থাকলে কোমল স্বর, আর না-থাকলে শুদ্ধ স্বর বলে বুঝতে হবে।

ম—এই স্বরটিকে শুদ্ধ মধ্যম তথা কোমল বলে বুঝতে হবে।

ম॑—এই প্রকার স্বরকে তীব্র মধ্যম বলে বুঝতে হবে।

˙—যে স্বরের নিচে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি মন্দ্র-সপ্তকের এবং যে স্বরের ওপরে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি তার-সপ্তকের অন্তর্গত বলে বুঝতে হবে।

⎵, ◡ এই চিহ্নের মধ্যস্থ স্বরগুলিকে এক মাত্রা-কালে গাইতে বা বাজাতে হবে।

⎴, ⌒ এই চিহ্নের সাহায্যে কোন্ স্বর থেকে কোন্ স্বর পর্যন্ত মীড় আছে, তা বোঝানো হয়েছে।

– যে স্বরের আগে এই চিহ্ন আছে, সেই স্বরকে একমাত্রা বাড়িয়ে গাইতে হবে। এরকম চিহ্ন না-থাকলে ঐ সময়টুকুকে বিশ্রাম বলে বুঝতে হবে।

ऽ গানের কথার মধ্যে যেখানে এরকম অবগ্রহ-চিহ্ন দেওয়া আছে, সেখানে গানের অক্ষরের অন্তিম স্বরটিকে (আ-কার উ-কার ইত্যাদি) একমাত্রা কাল বাড়াতে হবে। যেমন দাऽ = দাআ।

( ) এরকম বন্ধনী চিহ্নের মধ্যে লিখিত স্বরগুলির পরের স্বর, বন্ধনীভুক্ত স্বরটি, তার আগের স্বর এবং আবার ঐ স্বরটি—এই চারটি স্বরকে একমাত্রায় গাইতে হবে। যেমন (প) = ধপমপ, (ম) = পমগম, (সা) = রেসানিসা।

কোথাও কোথাও স্বরের উপরে কিছু স্বর দেওয়া হয়েছে। এগুলিকে স্পর্শ স্বর বা আলঙ্কারিক স্বর (Grace Note) বলা হয়। এই সূক্ষ্ম স্পর্শস্বরগুলিকে নতুন শিক্ষার্থীরা ঠিকমতো ফুটিয়ে তুলতে না পারলেও তার জন্য রাগের কোন হানি ঘটবে না। কিন্তু এগুলিকে ঠিকমতো ফুটিয়ে তুলতে পারলে গান অনেক মনোহর হয়ে উঠবে।

× এই চিহ্নের সাহায্যে তালের 'সম' দেখানো হয়েছে। 'সম'-কে প্রথম তাল ধরে নিয়ে শেষ তালটিকেও এক আবর্তনের পর ঐ জায়গাতেই ফিরিয়ে আনতে হবে।

॰ এই চিহ্ন দ্বারা তালের খালি জায়গা বোঝানো হয়েছে। অর্থাৎ ঐ জায়গায় কোন তাল থাকবে না।

তাল-পরিচিতি

(মাত্রা, নিয়ম ও বোল)

দাদরা (ছয় মাত্রা), ঝপতাল (দশ মাত্রা), চৌতাল (বারো মাত্রা), একতাল (বারো মাত্রা), আড়া চৌতাল (চৌদ্দ মাত্রা), ধমার তাল (চৌদ্দ মাত্রা), দীপচন্দী তাল (চৌদ্দ মাত্রা), তিলওয়ারা (ষোলো মাত্রা) এবং ত্রিতাল (ষোলো মাত্রা) ইত্যাদির মাত্রা নিয়ম ও বোল প্রথম খণ্ডে এবং রূপকতাল (সাত মাত্রা) সুলতাল (দশ মাত্রা) ব্রহ্ম তাল (আটাশ মাত্রা) দ্বিতীয় খণ্ডে এবং তীব্রা তাল (সাত মাত্রা), ঝুম্‌রা তাল (চৌদ্দ মাত্রা) চতুর্থ খণ্ডে এবং রূপকতাল (সাতমাত্রা), গজঝম্পা তাল (পনেরো মাত্রা), শিখর তাল (সতেরো মাত্রা) ও মত্ত তাল (আঠারো মাত্রা) সপ্তম খণ্ডে সন্নিবেশিত হয়েছে। সেই কারণে অপ্রয়োজনবোধে এই খণ্ডে আর দেওয়া হলো না।

অনুক্রমণিকা

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ শাস্ত্রীয় পরিচয় ॥

মঙ্গলাচরণ

গজাননং নির্বিঘ্নার্থং সর্বমঙ্গলকারিণম্ ।
বন্দেঽগ্রকার্যপূর্ত্যর্থম্ রাগতালমহোৎসবেঃ

এই ক্রমিক পুস্তক-মালিকার পূর্বে প্রকাশিত এগারটি খণ্ডে আমাদের প্রাচীন, মধ্যযুগীয় এবং আধুনিক সঙ্গীতের ব্যাপারে যথাসম্ভব আলোচনা করা হয়েছে। এবার প্রকাশিত হল এই মালিকার শেষ খণ্ডটি। লেখকের নিরলস পরিশ্রম ও প্রভূত স্বার্থত্যাগের বিনিময়ে সঞ্চিত অমূল্য খানদানি গানের এই শেষ সংকলনটি হাজির করা হচ্ছে সর্বসাধারণের দরবারে। স্রেফ শুনে শুনে গান গাইতে শুরু করা আজকালকার গায়করা, কিংবা নিজে নিজেই 'সঙ্গীতাচার্য' এবং 'সঙ্গীত-কলানিধি' বনে যাওয়া লোকেরা, রাগের শুদ্ধ স্বরূপ এবং গানের বাণীকে বিকৃত করে 'আপন আপন তানে পাখিই ওস্তাদ' এই প্রবাদ অনুযায়ী মানুষের সামনে গেয়ে চলেছে এবং বিকৃত করে দিচ্ছে তাদের রুচিকে। তাই এই রাগগুলির বিশুদ্ধ শাস্ত্রীয় স্বরূপটি কেমন আর গানগুলির প্রকৃত বাণীই বা কী—তার যথাযথ চিত্রটি মানুষের সামনে উপস্থাপিত করাই আমাদের এই ক্রমিক পুস্তকমালার মূল উদ্দেশ্য। আশা করি রসজ্ঞ গুণীরা একে যথাযথভাবে কাজে লাগাতে পারবেন। প্রতিটি রাগেরই নিজস্ব একটি বিশেষ স্বরূপ থাকে যা অন্য সব রাগের থেকে আলাদা এবং ঐ বিশেষ স্বরূপটির জন্যই প্রতিটি রাগের থেকে একটি বিশেষ ধরনের রঙ বা রসও গড়ে ওঠে। তাই কোন একটি রাগ শুরু করে তার মধ্যে অন্য তিন-চারটি রাগের মিশ্রণ ঘটানো বুদ্ধিমত্তার কাজ তো নয় বটেই, উপরন্তু এর ফলে 'রসহানি' দোষও ঘটে থাকে। সেই জন্যই গুণী গায়করা কখনোই এ পদ্ধতি অনুসরণ করেন না। রাগের প্রকৃত স্বরূপটিকে শেষ পর্যন্ত বজায় রাখতে পারাই সাচ্চা গায়কের আসল পরীক্ষা। তাই এই পুস্তকে এবং 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি'-র সবটা জুড়ে প্রদত্ত রাগগুলির স্বরূপকে ভালভাবে অভ্যাস করে আয়ত্ত করতে হবে এবং শিক্ষার্থীদের সর্বদা ঐ স্বরূপ অনুযায়ীই গাইতে হবে। তান বা আলাপের সময় সর্বদা সতর্ক থাকতে হবে যাতে কোন একটি রাগে অন্য কোন রাগের এতটুকুও ছায়া না পড়ে। একমাত্র তাহলেই তাঁদের গানকে শাস্ত্রসম্মত বলে স্বীকৃতি দেওয়া যাবে।

প্রাচীন ও মধ্যযুগীয় সঙ্গীতের পার্থক্য

দেশী সঙ্গীত পরিবর্তনশীল বলে বিভিন্ন সময়ে এর মধ্যে বিভিন্ন পার্থক্যও দেখা যায়। মুঘল আমলের সঙ্গীতের সঙ্গে প্রাচীনকালের শাস্ত্রসম্মত রূপের অনেক পার্থক্য ছিল। তারপরেও ক্রমশ পরিবর্তিত হতে হতে আমাদের আজকের সঙ্গীতও মধ্যযুগীয় সঙ্গীতের থেকে অনেক পৃথক হয়ে গেছে। সময়ের সঙ্গে সঙ্গে আগামীতে আজকের এই রূপটিরও পরিবর্তন ঘটবে। প্রচলিত রাগগুলির রূপের পরিবর্তন হবে, সেই সঙ্গেই দেখা দেবে নতুন নতুন রাগ, নতুন অঙ্গের গান, গানের নতুন নতুন ধরন এবং পাশ্চাত্য সঙ্গীতের সঙ্গে অল্পবিস্তর মিশ্রণও ঘটবে। তার কিছু কিছু লক্ষণ এখন থেকেই দেখা যাচ্ছে। এটাই দেশী সঙ্গীতের প্রকৃতি। মানুষের মনোরঞ্জন করাই এর উদ্দেশ্য বলে মানুষের রুচি অনুযায়ীই এর বিকাশও ঘটে থাকে। তবে এই সঙ্গেই বলে নেওয়া দরকার যে প্রাচীন সঙ্গীতের পুরোপুরি বিলুপ্ত হয়ে যাওয়ার, মধ্যযুগীয় ও আধুনিক সঙ্গীতের মধ্যে এত বেশি পার্থক্য গড়ে ওঠার এবং সঙ্গীত সম্বন্ধে বর্তমানে এত মতভেদের প্রধান কারণ হল স্বরলিপি ও শাস্ত্রীয় বিষয় সম্বন্ধে স্পষ্ট এবং সুনিশ্চিত বর্ণনার অভাব। আজকের দিনের সঙ্গীত মূলত শিষ্য-পরম্পরার ভিত্তিতেই দাঁড়িয়ে আছে। এ অবস্থায় সঙ্গীত-শাস্ত্রকারদের কর্তব্য হচ্ছে বর্তমান যুগে প্রচলিত ও সর্বসম্মত সঙ্গীত-তত্ত্বগুলিকে শাস্ত্র-সম্মতভাবে ব্যাখ্যা করা, সেই অনুসারে কর্তব্য নিধারণ করা, সঙ্গীত বিষয়ক আদর্শটিকে মানুষের সামনে তুলে ধরা, প্রচলিত সঙ্গীত-পরম্পরা সম্বন্ধে যথাসম্ভব অনুসন্ধান চালানো এবং এর ভবিষ্যৎ অগ্রগতির দিকনির্দেশ করা।

'নারদীয় শিক্ষা', 'মাণ্ডুকী শিক্ষা', 'ভারত নাট্যশাস্ত্র'-এর কিছু কিছু অংশ, 'বৃহদ্দেশী' এবং 'সঙ্গীত-রত্নাকর'— এগুলিকেই প্রাচীন সঙ্গীতের ভিত্তিমূলক গ্রন্থ বলে ধরে নেওয়া হয়। কিন্তু এই গ্রন্থগুলির ব্যাখ্যা দাঁড়িয়ে আছে শ্রুতি, স্বর, গ্রাম, মূর্ছনা এবং জাতির উপযুক্ত সিদ্ধতার ওপরেই। এই বিষয়গুলি পরম্পরাগত হওয়ার দরুন এবং এগুলির তৎকালীন অর্থ আজকের দিনে অজ্ঞাত হওয়ার দরুন ঐ গ্রন্থগুলি অনুধাবন করা আজ খুবই দুরূহ হয়ে উঠেছে। তবুও ঐ গ্রন্থসমূহের বিষয়গুলি বোঝা এবং বোঝানো একান্তই প্রয়োজনীয়, কিন্তু তা করতে হবে এগুলির পরবর্তীকালে আগত কোনরকম সাহায্য না নিয়েই, করতে হবে শুধুমাত্র ঐ গ্রন্থগুলির ওপর নির্ভর করেই।

মধ্যযুগীয় গ্রন্থগুলির শুদ্ধ স্বর-সপ্তক, কর্ণাটকীয় সঙ্গীতের 'কনকাঙ্গী' এবং হিন্দুস্থানী সঙ্গীতের 'সৈন্ধবী' (বর্তমান কাফী) ইতিমধ্যেই সিদ্ধ বলে প্রমাণিত হয়েছে। অতএব ঐ গ্রন্থগুলিকে এখন সহজেই শিক্ষার্থীদের পড়ানো

যায়। ঐ গ্রন্থগুলি রচনার সময়েও প্রাচীন গ্রাম, মূর্ছনা এবং জাতির রীতি বিলুপ্ত হয়ে দক্ষিণে প্রচলিত হয়েছিল জন্য-জনক (ঠাট-রাগ) ব্যবস্থা আর উত্তরে রাগ-রাগিনীর পদ্ধতি। ঐ গ্রন্থগুলিতে বর্ণিত কয়েকটি রাগ একেবারেই বিলুপ্ত হয়ে গেছে আর কয়েকটি রাগ টিকে আছে একেবারেই ভিন্নতর রূপে। এই গ্রন্থগুলির মধ্যেও বিভিন্ন জায়গায় পারস্পরিক মত-পার্থক্য চোখে পড়ে। তাই এগুলির পক্ষে আজকের দিনের সঙ্গীতের ভিত্তি-মূলক গ্রন্থ হওয়া সম্ভব নয়। যে-সব রাগের ক্ষেত্রে আধুনিক মত এবং এই গ্রন্থগুলিতে বর্ণিত মতের মধ্যে কিছু-না-কিছু সাদৃশ্য আছে, সেগুলির ক্ষেত্রে অবশ্য এগুলি আজও প্রয়োজনীয় ভূমিকা নিতে পারে। এই সাদৃশ্যকে আমরা 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি'-তে বর্ণিত কিছু রাগের ক্ষেত্রে প্রমাণও করেছি।

বিগত কয়েকশ বছরের প্রাকৃত এবং উর্দু সঙ্গীতগ্রন্থ

মুঘল আমলের শেষদিকে, অর্থাৎ শ দুয়েক বছর আগে, সঙ্গীত বিষয়ক কিছু গ্রন্থ রচিত হয়েছিল। এগুলির মধ্যে প্রধান হচ্ছে 'তোফেতুলহিন্দ', 'নগমাতে আসফী', 'সরমাত্র-অশরত', 'রাধাগোবিন্দ সঙ্গীত-সার', 'সঙ্গীত-কল্পদ্রুম' এবং 'নাদ-বিনোদ'। এই গ্রন্থগুলিতে সে-আমলে প্রচলিত রাগগুলির রূপ বা স্বর সহ পাওয়া যায়। এগুলির মধ্যে বেশ কিছু রাগ আজও চালু আছে, আবার কয়েকটি রূপের সঙ্গে বর্তমানে প্রচারের অনেক সাদৃশ্য খুঁজে পাওয়া যায়। এই গ্রন্থগুলির উপযোগিতা এটুকুই। এগুলিতে প্রদত্ত শাস্ত্রীয় আলোচনা খুব-একটা বিশ্বাসযোগ্য নয়। ঘরানাদার গানগুলিতে প্রাপ্ত রাগগুলির স্বরূপের প্রচারের অর্থেই এখানে 'প্রচার' শব্দটা ব্যবহার করেছি আমরা।

এছাড়া বিগত পঞ্চাশ-একশ বছর ধরে দেশীয় রাজ্যগুলিতে বসবাসকারী সুবিখ্যাত গায়ক-বাদকদের সঙ্গে জনসাধারণের সম্পর্ক গড়ে উঠতে শুরু করেছে। এর ফলে মানুষের মধ্যে রাগাশ্রয়ী সঙ্গীতের প্রসার ঘটেছে এবং এ বিষয়ে তত্ত্বগত চর্চাও শুরু হয়েছে।

মধ্যযুগীয় রাগগুলির শ্রেণীবিভাজন

মধ্যযুগীয় সঙ্গীতের রাগ-রাগিনীগুলির রূপ এখন অনেকটাই বদলে গেছে। কাজেই সে-ই যুগের রাগ-রাগিনীর শ্রেণীবিভাজন আজ আর কার্যকরী থাকতে পারে না। তাছাড়া ঐ শ্রেণীবিভাজনের ভিত্তিমূলক

তত্ত্বগুলির কোন মৌখিক অথবা লিখিত উল্লেখ না থাকায় দরুন ঐ ধরনের নতুন কোন শ্রেণীবিভাজন চালু করাও খুব সহজ কাজ নয়। অপ্রসিদ্ধ রাগগুলির ব্যাপারে বর্তমানের সযৌক্তিক অথবা অযৌক্তিক মতপার্থক্যগুলির কথা মনে রাখলে এ বিষয়ে কোন প্রচেষ্টা সফল হবে বলে বিশ্বাস করা কঠিন হয়ে ওঠে। কখনও কখনও অনুকূল পরিস্থিতি গড়ে উঠলে এ কাজটা যদি করে ওঠা যায়, তাহলে তো খুবই ভাল। কিন্তু এই মুহূর্তে জন্য-জনক (ঠাট-রাগ) ব্যবস্থাটিকে মেনে নেওয়াই আজকের দিনের সঙ্গীতের দৃষ্টিকোণ থেকে সঠিক কাজ বলে মনে হয়। এই পদ্ধতির পূর্বপরম্পরা ঐতিহ্যও আছে। দক্ষিণের সমস্ত গ্রন্থকার এবং উত্তর-ভারতে লোচন, শ্রীনিবাস ও হৃদয়ণারায়ণ দেব প্রভৃতি গ্রন্থকাররা তাঁদের রচনায় রাগগুলিকে এই পদ্ধতিতেই ব্যাখ্যা করেছেন।

বর্তমানের শ্রুতি-স্বর-বাদ

আজকাল শ্রুতি স্বর বাদ খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। বৈজ্ঞানিক পদ্ধতি এবং গণিতশাস্ত্রের সাহায্যে প্রত্যেক রাগের স্বরান্তর নির্দিষ্ট করে সেগুলিকে স্থির করার ব্যাপারে আজকের সঙ্গীত-গণিতজ্ঞরা বিশেষ মনোযোগ দিচ্ছেন। আমাদের মতে এই নিষ্ফল প্রচেষ্টায় প্রচলিত সঙ্গীতের খুব-একটা লাভ হবে না। সূক্ষ্ম স্বরান্তরের দ্বারা সৃষ্ট রাগ রচনা খুবই ক্লিষ্ট হয়ে উঠবে এবং ঐ স্বরান্তরগুলিকে ভরত ও শার্ঙ্গদেবের মতের সঙ্গে জুড়তে চাইলে তাঁদের গৌরব বাড়বে না, বরং অসম্মানই করা হবে।

রাগের ব্যাখ্যা এবং তাতে 'স্বর' ও 'বর্ণ' শব্দের গুরুত্ব

যোঽয়ং ধ্বনিবিশেষস্তু স্বরবর্ণবিভূষিতঃ।
রঞ্জকো জনচিত্তানাং স রাগঃ কথিতো বুধৈঃ॥

রাগের এই ব্যাখ্যাই পরম্পরাগতভাবে চলে আসছে। এতে উল্লিখিত 'ধ্বনি' শব্দটি শুধুমাত্র একটি আওয়াজের অর্থ বোঝায় না, বরং এটির সাহায্যে একটি বিশেষ ধ্বনিসমষ্টিকেই চিহ্নিত করা হয়ে থাকে। এখানে ধ্বনির সমষ্টিরূপটিই প্রকৃত তাৎপর্যবহ। উর্দুতে একেই 'নগ্‌মা' বলা হয়। এই ব্যাখ্যার 'স্বর' এবং 'বর্ণ' শব্দ দুটি বিশেষ অর্থের দ্যোতক। রাগ রচনা স্বরের সাহায্যেই হওয়া দরকার। শ্রুতিভেদের সাহায্যে অসংখ্য মূর্ছনা বা মেল তৈরি করে তার মধ্যে থেকে কেবলমাত্র দু-একশ রাগ গাইলে সেটা আধ হাত মানুষের সওয়া হাত দাড়ীর মত হাস্যকর ব্যাপার হয়ে উঠবে। অহোবল পন্ডিত তাঁর 'সঙ্গীতপারিজাত' গ্রন্থে প্রথমে উনত্রিশটি স্বর নির্দিষ্ট করে

তার মধ্যে থেকে শ্রুতির ভেদের সাহায্যে অসংখ্য মূর্ছনা এবং কূটতান চিহ্নিত করেছেন। কিন্তু 'রাগ-অধ্যায়'-এ আবার ঐ উনত্রিশটি ভেদের মধ্যে থেকে কয়েকটি ধ্বনিগত সাম্যের দরুন এবং শেষ রাগগুলিতে অব্যবহার্য বলে চিহ্নিত করে এ-রকম ১৭-টি স্বর বাদ দিয়ে মাত্র ১২-টি স্বরের সাহায্যেই রাগ রচনা করেছেন। আজকাল আমরা যে স্বরগুলি প্রয়োগ করে থাকি, এই ১২-টি স্বর প্রায় তার সমরূপ। 'সঙ্গীত-রত্নাকর'-এও প্রথমে ২২ টি শ্রুতির কথা বলে তার মধ্যে থেকে কেবলমাত্র ১৪-টি স্বর-রূপ বলে ধরে নিয়ে সেগুলির ভিত্তিতেই রাগ-ব্যবস্থা ব্যাখ্যা করা হয়েছে।

একটি মাত্র শ্রুতিভেদের দ্বারা দুটি রাগকে পৃথক বলে মেনে নিতে আজকের দিনের কোন গায়ক-বাদকই সম্মত হবেন না। তাছাড়া শ্রুতিসমূহের কোন নিশ্চিত প্রমাণও আমাদের হাতে নেই। একই রাগে একই স্বরের স্থান ভেদের ফলে এবং পৃথক পৃথক স্বরোচ্চারণ ও স্বর-সঙ্গতির দরুন যে উঁচু-নীচু হতে থাকে, তা গায়ক-বাদকরা সর্বদাই প্রত্যক্ষভাবে অনুভব করে থাকেন। ভৈরবের রে, ধ, কানাড়ার ধ, গ, মিঁয়ামল্লারের নি, গ, ললিতের মঁ, ধ, দেশীর ধ অথবা বসন্তের মঁ, ধ প্রভৃতি স্বরের স্থান কোথায় কোথায় এবং কতগুলি নির্ধারণ করা হবে? তাই কোমল এবং তীব্র স্বরগুলির মর্যাদা স্বীকার করে নিয়ে সর্বসম্মত ১২-টি স্বরের সাহায্যে রাগ-রচনা করাই সহজ-সরল পন্থা। রাগ-রচনার জন্য ১২-টি স্বরই যথেষ্ট। সূক্ষ্মান্তরিত নাদের এতগুলি শ্রুতির কল্পনাই আজকের সঙ্গীতের পক্ষে উপযুক্ত। ১২-টি স্বরের অতিরিক্ত অন্য স্বরগুলিকে আলঙ্কারিক, তীব্র-কোমল স্বরসমূহের অন্তর্গত কিংবা রাগের মধ্যে প্রযোজ্য বিবিধ স্বর-সঙ্গতি, গমক এবং স্বরোচ্চারণের জন্য উপযোগী স্বর বলে মেনে নেওয়াই ভাল। আমাদের সঙ্গীতে 'হার্মনি'-র (ভিন্ন ভিন্ন স্বরকে একসঙ্গে উচ্চারণ করা) অন্তর্ভুক্তি ঘটে যাওয়ার পর সূক্ষ্ম স্বরান্তরগুলিকে নির্দিষ্ট করা অনিবার্য হয়ে পড়বে ঠিকই, কিন্তু 'হার্মনি'-র অন্তর্ভুক্তি ঘটলে নষ্ট হয়ে যাবে আমাদের রাগগুলির স্বরূপ। কাজেই রাগ-গুলির অস্তিত্ব যতক্ষণ আছে, ততক্ষণ তাদের শ্রাদ্ধক্রিয়া আর না-ই বা করা হল। কিছু কিছু বিদ্বজ্জন মনে করেন প্রাচীনকালে স্বরমাপক যন্ত্র না থাকার দরুন শ্রুতিগুলিকে শুধুমাত্র একটি বিশিষ্ট স্বরের পরের স্বর নির্দেশ করার জন্যই ব্যবহার করা হত। এই মতটিকেও বিবেচনা করে দেখা দরকার। একটি ধ্বনির থেকে অপর একটি ধ্বনিকে স্পষ্টভাবে আলাদা করে চিনে নেওয়া যাবে—এতটা পর্যন্ত ওপরে তুললে একটি শ্রুত্যন্তর হয়; যে-কোন একটি ধ্বনিকে 'নি' বলে ধার নিয়ে তার পর উপরোক্ত প্রকারে তিনটি শ্রুতি পার করলে চতুর্থ শ্রুতিতে থাকে 'সা'। আমাদের পূর্বসূরীরা এভাবেই স্বরকে বোঝাতেন,

শ্রুতির উপযোগ শুধুমাত্র এটুকুই ছিল। পরবর্তীকালে স্বরসমূহের এ-রকম অনির্দিষ্ট বর্ণনা অনুপযুক্ত বলে প্রতিভাত হতে থাকে এবং তারের দৈর্ঘ্য, পরদা বা তারের ওপর আঙুল রেখে সেটিকে একটি দিকে ক্রমশ টেনে এনে স্বরের উপযুক্ত স্থান চিহ্নিত করা শুরু হয়। আজকাল তো স্বর-স্থান-যন্ত্রের সাহায্যে অনুরণনের পরিমাপ করে স্থির করা হয়। তাই কোন কোন পণ্ডিত বলেছেন যে এখন শ্রুতির আর কোন প্রয়োজনই নেই। তাঁদের মতটা একেবারে উড়িয়ে দেওয়া যায় না।

'জাতি' নিবদ্ধ গানেরই হওয়া উচিত

বলা হয় রাগ-গায়নের আগে জাতি-গায়নই প্রচলিত ছিল। এই জাতিগুলির প্রত্যক্ষ ধ্বনি-রূপ আজ আর জানা যায় না। প্রাচীন গ্রন্থসমূহের শুদ্ধ স্বর-মেলের প্রামাণ্য জ্ঞানের অভাবের ফলেই ঐ গ্রন্থগুলি থেকে জাতি-গানের স্বরূপ নির্ণয় করা অত্যন্ত দুরূহ। তবে জাতি রচনার মূল তত্ত্বের ভিত্তিতে এবং 'সঙ্গীত-রত্নাকর'-এ উল্লিখিত দৃষ্টান্তগুলি থেকে অনুমান করা যায় যে জাতি ছিল এক ধরনের নিবন্ধ গান (বাঁধা গান)। প্রত্যেক জাতির গ্রহ, ন্যাস, মন্দ্র, তার প্রভৃতির মর্যাদা এবং এমনকি তালও নির্দিষ্ট থাকার ফলে জাতি-গায়নের ক্ষেত্রে নিজের মন থেকে কিছু করার স্বাধীনতা গায়কদের থাকত না।

রাগালাপ

এই জাতিগুলি থেকেই পরবর্তীকালে উৎপত্তি হয়েছিল রাগের এবং এগুলির নিয়মকানুনও কিছুটা পরিমাণে প্রযুক্ত হতে শুরু করেছিল রাগগুলির মধ্যে। রাগ-গানে আলাপ চালু হয়েছে অনেক পরে। শাস্ত্রসম্মত নিয়ম বজায় রেখে নিজের ভাবনা অনুযায়ী রাগ বিস্তার করার স্বাধীনতা পাওয়া গিয়েছিল রাগালাপের মধ্যে। পরবর্তীকালে নিয়মগুলি অন্যরকম হতে শুরু করে, পার্থক্য দেখা দেয় সেগুলির প্রয়োগের ক্ষেত্রেও। আজকাল তো ঐ-সব প্রাচীন নিয়ম প্রায় লুপ্তই হয়ে গেছে। আজকাল এমন কোন নিয়মই চালু নেই। যে কোন একটি বিশেষ রাগ একটি বিশেষ স্বর থেকেই শুরু করতে হবে এবং শেষও করতে হবে একটি বিশেষ স্বরেই। গানগুলির ক্ষেত্রেও এই স্বাধীনতা আছে।

বাদী-সম্বাদী

প্রাচীন কালের পারিভাষিক শব্দগুলির অর্থও আজ বদলে গেছে। প্রাচীন কালে বাদী, সম্বাদী, অনুবাদী এবং বিবাদী স্বর পরস্পর সম্বন্ধযুক্ত ধ্বনি-

সম্বন্ধের ভিত্তিতেই নির্ধারিত হত। কিন্তু এই সম্বন্ধটি প্রাচীন গ্রন্থসমূহে শ্রুতির পরিভাষাতেই বর্ণিত হওয়ার দরুন তার সঙ্গে এবং স্বয়ং ষড়্জ পঞ্চম-ভাব, ষড়-জ-মধ্যম-ভাব ইত্যাদি গণিতভিত্তিক ব্যাখ্যাগুলির সঙ্গে মেলে না। ভরত ও শার্ঙ্গদেবের মত অনুযায়ী শ্রুতিগুলিকে স্থির পরিমাপের বলে মেনে নিলে নাদশাস্ত্রের গণিতভিত্তিক তত্ত্বটি দুর্বল হয়ে পড়ে। প্রাচীন গ্রন্থগুলিকে বাদ দিয়ে আধুনিক রাগগুলিতে গণিত প্রয়োগ করাও সম্ভব হতে পারে না, কারণ আমাদের যাবতীয় স্বরই 'চল' স্বর। এগুলি অচল হলে এগুলির ওপর গণিতের বন্ধন প্রয়োগ করা যেত। এর অর্থ হল যে আজকাল বাদী-সম্বাদী ইত্যাদির অর্থ স্বরের কম বা বেশি প্রয়োগের (বহুত্ব অল্পত্ব) ভিত্তিতেই নির্ধারণ করা হয়। প্রয়োগে বহুলঃ স্বরঃ। বাদী রাজাত্র গীয়তে ॥ বিবাদী তু সদা ত্যাজ্যঃ। ক্বচিত্তান ক্রিয়াত্মকঃ ॥' এই ধরনের পরিভাষাগুলিই আজ কাল বাদী-সম্বাদী স্বরের ভিত্তি হয়ে উঠেছে। সাধারণত বাদী থেকে সম্বাদী পাঁচ কিংবা চার স্বর পরে থাকবে—এই নিয়মটি বর্তমানে সকলেই মেনে নিয়েছেন।

রাগ-গায়নের অর্থ কী

কোন নির্দিষ্ট স্বরসমূহকে নির্দিষ্ট ক্রমানুসারে তাদের নিজেদের নিজস্বতা বজায় রেখে অর্থাৎ বহুত্ব-অল্পত্বকে মাথায় রেখে, সেগুলির বৈশিষ্ট্য বজায় রেখে, পরিশ্রম করে মেজে ঘষে তৈরি করা গলায় গেয়ে অথবা হস্তকৌশলের সাহায্যে বাদ্যযন্ত্রে বাজিয়ে নিজের স্বাভাবিক প্রতিভা (সহজাত স্বভাব) এবং অর্জিত দক্ষতার সাহায্যে সব থেকে বেশি আনন্দদায়ক করে তুলে রস সৃষ্টি করাকেই 'রাগসঙ্গীত' বা 'রাগদারী সঙ্গীত' বলা হয়। আধুনিক রাগরচনা এবং রাগবিস্তারের কয়েকটি মূল নিয়ম এই 'ক্রমিক পুস্তক-মালিকা' র পূর্ববর্তী একটি খণ্ডে উল্লিখিত হয়েছে।

আওয়াজের অভ্যাস এবং তানালাপ

আমাদের সঙ্গীতে গায়নই প্রধান। বাদ্য ও নৃত্যের মূল ভিত্তি গান—এ ধারনাই চালু আমাদের দেশে।

আমাদের গান গাওয়ার প্রধান অঙ্গ হল আওয়াজ (কণ্ঠস্বর)। মধুর কণ্ঠস্বর যে ঈশ্বরের দান তা সত্য, কিন্তু খুব কম মানুষের কণ্ঠস্বরই গান গাওয়ার পক্ষে একেবারে অনুপযুক্ত হয়ে থাকে। শতকরা ৯৫ শতাংশ মানুষের কণ্ঠস্বরকে গান গাওয়ার যোগ্য করে তোলা যায়। সাদামাটা কণ্ঠস্বরকেও রেওয়াজ মারফৎ সুরেলা করে তোলা যায়! কণ্ঠস্বর সুরেলা করার অভ্যাস

যথাযথ পদ্ধতিতে করা দরকার। এই গুরুত্বপূর্ণ বিষয়টির ব্যাপারে আমাদের দেশে যথেষ্ট উদাসীনতা দেখা যায়। কণ্ঠস্বর সুন্দর হওয়ার জন্য প্রধানত তিনটি বিষয় অত্যাবশ্যক ঃ

(১) কণ্ঠস্বর ঠিকভাবে নির্গত হয় কিনা।

(২) কণ্ঠস্বরের স্থিরতা।

(৩) শ্বাস-নিয়ন্ত্রণ (শ্বাসের ওপর দখল)।

সঠিকভাবে স্বর বার করার উপযুক্ত শিক্ষা না পাওয়ার ফলে ভুল অভ্যাসের দ্বারা নিজের কণ্ঠস্বর নষ্ট করে ফেলার দৃষ্টান্ত আমাদের দেশে প্রচুর দেখা যায়। এমনকি পেশাদার গায়কদের মধ্যেও দেখা যায় কুড়ি শতাংশেরও কম জনের কণ্ঠস্বর পরিশুদ্ধ। রেওয়াজ করার সময় কণ্ঠস্বর চেপে রাখাও উচিত নয় আবার জোরেসোরে কর্কশ স্বর বার করাও উচিত নয়। কণ্ঠস্বর চেপে রেখে অভ্যাস করলে কখনোই সফল হওয়া যাবে না। আবার সজোরে স্বর বার করার চেষ্টা করলে তা কর্কশ ও ভারী হয়ে ওঠে। স্বর সবসময় নির্ভেজাল 'অ'-এর মতো হওয়া উচিত। 'অ্যা'-এর মতো ক্যাঁ ক্যাঁ কিংবা 'আঁ'-এর মতো বর্তুলাকায় স্বর বার করা—দুটোই ভুল। 'অ'-কারের সাহায্যে স্বর বার করা রপ্ত হয়ে গেলে 'ই'-কার, 'উ'-কার এবং 'ও'-কারের ক্ষেত্রেও সুন্দর স্বর বেরোতে থাকে, তবে গানের ক্ষেত্রে এগুলির প্রয়োগ খুবই কম।

স্বরে ওজন ও স্থিরতা আনা এবং শ্বাস নিয়ন্ত্রণ করার জন্য প্রথম থেকেই ধীর লয়ে থেমে থেমে উপযুক্ত স্বরের ওপর সঠিকভাবে দাঁড়িয়ে গাওয়া দরকার। প্রথম থেকেই দ্রুত লয়ে রেওয়াজ করলে স্বর সঠিক স্থানে লাগে না এবং গানে যথাযথ ভারীত্বটা আসে না।

প্রথম দিকে তান অভ্যাস করা উচিত নয়। স্বর স্থির হওয়ার পর তানের অভ্যাস শুরু করা দরকার। তান নিতে হবে শুদ্ধ 'অ'-কারে এবং স্বর-স্থান সম্বন্ধে সম্পূর্ণ সচেতন থেকে ধীরে ধীরে তার গতি বাড়াতে হবে। কখনও কখনও নামজাদা গায়করাও 'ইয়, ইয়, ইয়' বলতে বলতে জোরদার তান লাগিয়ে থাকেন। পুরনো আমলের কিছু কিছু ওস্তাদ অভ্যাসের দ্বারা এ-রকম তান রপ্ত করেছিলেন—এতে স্বর প্রতিকূল হয়ে যাওয়া সত্ত্বেও। এই পদ্ধতি তাঁদের শিষ্য-পরম্পরায় চলতে চলতে এ-রকম তানগুলি একটি প্রথায় পরিণত হয়েছে। তার শুদ্ধ 'অ'-কারের তানগুলি রেওয়াজ মারফৎ শিখে নিতে পারলে জোরদার তানের আর বিশেষ কোন প্রয়োজনীয়তা থাকে না। গমকের তানের ক্ষেত্রে এগুলি কখনও কখনও বিশেষ রূপে ব্যবহৃত হতে পারে। তানের রেওয়াজ কখনোই স্বরের ওপর ধাক্কা দিয়ে করা উচিত নয়। ধাক্কা দিয়ে রেওয়াজ করলে স্বর ভারী হয়ে যায় এবং তার ফলে জলদ তান নিতে অসুবিধে হয়। স্পষ্ট স্বরের 'অ'-কারে স্বাভাবিকভাবে যে গতিতে তান

পরিষ্কার এবং সুরেলা হয়ে বেরোতে পারে, সেই গতিতেই তার রেওয়াজ করা দরকার। ছোট ছোট স্বর-সমুদায় নিয়ে সেগুলিকে কিছুটা উল্টে-পাল্টে, আরোহ-অবরোহ করতে থাকলে এবং সেগুলিকে পরস্পরের সঙ্গে মেলাতে মেলাতে তান নিতে থাকলে ব্যাপারটা ভালভাবে রপ্ত হয়ে যায়। সরল এবং দীর্ঘ আরোহ-অবরোহ বিশিষ্ট তানগুলিকে এভাবে অভ্যাস করেই রপ্ত করা যায়।

ব্যাপক শ্রোতাদের ওপর রাগভিত্তিক সঙ্গীতের উপযুক্ত প্রভাব কেন পড়ে না ?

আগেই বলা হয়েছে যে সঙ্গীতের বিকাশ ঘটে থাকে জনরুচি অনুযায়ী। আবার প্রতিনিয়ত পরিচয়ের মধ্যে দিয়েই রুচি গড়ে ওঠে। যে রকম গান লোকেরা সারাক্ষণ শুনতে পায়, সে রকম গান তাদের ভাল লাগতে শুরু করে। রাগভিত্তিক গানগুলি শব্দপ্রধান না হওয়ার দরুন অথবা শব্দোচ্চারণ এবং সেগুলির অর্থের প্রতি গায়করা মনোযোগ না দেওয়ার দরুণ সাধারণ শ্রোতাদের এ-সব গান ভাল লাগে না। এ গানগুলি তাদের কাছে কোন বিদেশী ভাষার ব্যাখ্যার মতোই অরুচিকর মনে হয়। গায়কের হাবভাব ছাড়া এ গানগুলির মধ্যে তারা আর কিছু খুঁজে পায় না। গানে বেশি বেশি করে ব্যর্থ তান লাগাতে শুরু করলে শ্রোতাদের পক্ষে তা আগেই দুর্বোধ্য হয়ে ওঠে। এ-সব কারণে রাগভিত্তিক সঙ্গীতের প্রতি তাদের অরুচির ব্যাপারটা একান্তই স্বাভাবিক।

আজকের দিনে রীতিমতো চর্চা করেন (রেওয়াজী), এমন গায়ক কজন আছেন? শোনা যায় প্রাচীন আমলে গায়করা দিনে বার ঘণ্টা অনুশীলন করে স্বর তৈরি করতেন। কথাটা কল্পকথা নয়, সত্য। গায়কদের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত লোকেরা এ-সব কথা খুব ভাল করেই জানেন। সে রকম রেওয়াজী গায়কের সংখ্যা আজকের দিনে অঙ্গুলীমেয়ও নয়। চর্চা করা মোটেই অসম্ভব নয়, কিন্তু খুব কম জনই সে চর্চা করতে পারে। আগেকার দিনে গায়করা রাজাদের আশ্রয়ে থাকতেন। সুখের চাকরি। মাঝে মধ্যে রাজদরবারে গিয়ে গানবাজনা করা ছাড়া তাঁদের আর অন্য কোন কাজ করতে হত না। তাই যথেচ্ছ রেওয়াজ করার জন্য প্রচুর সময় ও শক্তি থাকত তাঁদের। আজকের দিনে বেশির ভাগ গায়ককে গান শিখিয়ে জীবিকা নির্বাহ করতে হয়। সারা দিন ছাত্রদের তালিম দিয়ে গলা শুকিয়ে ফেলার পর নিজে একঘণ্টা রেওয়াজ করাও তাঁদের পক্ষে অসম্ভব হয়ে পড়ে। কাজেই দোষটা পরিস্থিতির, গায়কদের নয়। এটাও সত্য যে রেওয়াজের অভাবে গান এবং কণ্ঠস্বর ক্রমশ

স্বাদ হীন হয়ে যায়। রাগসঙ্গীত গাওয়ার সময় প্রতিটি স্বর যথাযথ হওয়া উচিত, না হলে তার কাঙ্ক্ষিত প্রতিক্রিয়া পাওয়া যায় না। এর জন্য যদি শ্রোতাদের রাগসঙ্গীত ভাল না লাগে, তাহলে তার জন্য তাদেরকেও দোষ দেওয়া যায় না। উচ্চাঙ্গ সঙ্গীতের অভাবের ফলেই আজকাল চারদিকে লোকগীত, কাব্যগীত, পদগায়ন, গজল এবং ঠুংরী জাতীয় শব্দপ্রধান গানগুলির এত বহুল প্রচলন দেখা যায়।

সঙ্গীতে শব্দের গুরুত্ব

সঙ্গীতে শব্দের গুরুত্ব কতটা, সেই বিষয়টির দিকে অধুনা আমাদের পণ্ডিতদের দৃষ্টি আকর্ষিত হয়েছে। কবি এবং গায়ক—দুজনের মধ্যে 'মদর্থায়ম্' জাতীয় একটা পারস্পরিক প্রতিস্পর্ধা চালু আছে। সঙ্গীতকে যে রসাশ্রয়ী হতেই হবে সে সম্বন্ধে কোন বিমতের অবকাশ নেই। কিন্তু বেশির ভাগ গায়কের মতে বর্তমানে প্রচলিত রাগসঙ্গীতগুলিতে শব্দের খুব একটা গুরুত্ব থাকে না, অন্যদিকে জনরুচি অনুসারী শব্দনির্ভর গানগুলি, যেমন ঠুংরী, ভজন, গজল, চৈত , কজরী, সাওনী প্রভৃতি গান এখন যথেষ্ট চালু। শব্দের অর্থ মাথায় রেখে খেয়াল গেয়ে থাকেন –এমন গায়কের সংখ্যা এখন খুবই কম। শব্দার্থ এবং রাগকে যুক্তিসম্মত ভাবে রক্ষা করে যদি বিস্তার করা যায়, তাহলে সেটাই ঠিক। ভবিষ্যতে সঙ্গীতের বিকাশও এই দৃষ্টিভঙ্গী অনুযায়ীই ঘটা উচিত, তবে দ্রুত লয়ে তান ইত্যাদি প্রয়োগ করার সময় শব্দার্থকে যথাযথভাবে রক্ষা করা প্রায় অসম্ভব ব্যাপার। যেমন, 'আজ রাধে, তোরে বদন পর শ্যামমিলন কো চোরী'—রামকলীর এই খেয়ালটিতে রাগের সাবকাশ বিস্তার গানের শব্দার্থের অনুরূপ হতে পারে। কিন্তু পরের দিকে দ্রুত তান প্রয়োগ করার সময় বেচারী রাধাকে তো বগলে চেপে ধরে নিয়ে ছুট লাগাতে হবে। এ থেকে রেহাই পেতে গেলে দ্রুত লয়ে যাওয়ার আগেই খেয়াল গাওয়া শেষ করা দরকার। কিন্তু আজকাল যেখানে তান খেয়ালের এক গুরুত্বপূর্ণ অঙ্গে পরিণত হয়েছে আর শ্রোতারাও যেখানে তান শোনার জন্য অত্যন্ত উৎসুক হয়ে অপেক্ষা করেন, সেখানে এটা করা কী করে সম্ভব ? তানহীন গানকে আজকাল মিষ্টান্নহীন ভোজের সমান মনে করা হয়। রস সৃষ্টির কথা মাথায় রেখে রচিত কিছু কিছু গানের শব্দ রাগের প্রকৃতির সঙ্গতিপূর্ণ হয় না। যেমন, 'হুঁ তো জনম ন ছাড়ূ নিস-দিন প্রেম পিয়া কে সংগ'—এই কথাগুলির মধ্যে নারীহৃদয়ের আকুতির প্রতিধ্বনি শোনা যায়। এই গানটির বন্দিশ জয়জয়ন্তী কিংবা দেসী ইত্যাদি নারী-প্রকৃতির রাগে হলে শব্দার্থের সঙ্গে সঙ্গতিপূর্ণ রাগবিস্তার ভালভাবে করা যেত। কিন্তু

'রসজ্ঞান' না থাকার জন্য পদরচয়িতা কবিটি গানটিকে বেঁধেছেন গম্ভীর প্রকৃতির কামোদ রাগে। এই শব্দগুলির দিকে মন রেখে কামোদ রাগের বিস্তার ঘটানো খুবই কঠিন। এখন নতুন গান রচনা করে তা প্রচলিত হওয়া পর্যন্ত কোন ঘরানাদার গায়কই শব্দার্থের ওপর জোর দিয়ে রাগের প্রকৃতি এবং নিজের ঘরানার গায়কী নষ্ট করতে সম্মত হবেন না। তাছাড়া নতুন গান রচয়িতা যদি নিজে ভালো গায়ক ও কবি হন, শুধু তাহলেই তিনি এ কাজে সফল হতে পারবেন। পুরনো গানগুলির মধ্যে খুব কম গানই রাগ ও রসের ওপর যথাযথ গুরুত্ব দিয়ে রচিত হয়েছিল। রাগগুলিকে মূর্ত রূপ দিয়ে, সেগুলির স্পষ্ট ও আদর্শ রূপটিকে সুরক্ষিত করার জন্য উদাহরণ হিসেবে যে-কোন শব্দে সেটিকে বেঁধে ফেলা—এটাই বোধহয় ছিল গান বাঁধার প্রধান কারণ। এই গানগুলির মধ্যে রাগের প্রধান প্রধান অঙ্গ সন্নিবিষ্ট করে মনে রাখার জন্যই বোধহয় রচিত হয়েছিল এই গানগুলি। যে কোন রাগে গায়ককে একটি ছোট সুন্দর স্বর-রচনার দিকে নজর দিতে হয়। সেটিকে সুরক্ষিত রাখার জন্য কোন-না-কোন শব্দ-রচনার প্রয়োজন হয়। কাব্যসৌন্দর্যের দিকে বিশেষ মনোযোগ না দিয়ে নিজের রুচি অনুযায়ী ঐ স্বর-রচনার যোগ্য শব্দ-রচনা করে থাকেন গায়ক। প্রাচীন গানগুলির বিষয় প্রায়শঃই নির্ধারিত থাকত। যেমন কৃষ্ণলীলা, ঋতুবর্ণন, ঈশ্বরস্তুতি কিংবা কখনও-কখনও সঙ্গীতেরই মূল তত্ত্ব বিষয়ে গান। এই স্বরসমূহের নাদসৌন্দর্যকে শব্দের মধ্যে ব্যক্ত করা কখনও-কখনও প্রায় অসম্ভব হয়ে পড়ে। এ কথার তাৎপর্য হচ্ছে এই যে ভবিষ্যৎ প্রজন্মের নতুন গানগুলি রচনা করতে হবে রাগ ও রসের কথা মাথায় রেখে এবং সেগুলির আলাপ, বিস্তারও করতে হবে সেই ভিত্তিতেই। এ কাজটা ফল দেবে সোনায় সোহাগার মতো। কিন্তু আজ পর্যন্ত পাওয়া খানদানি গানগুলি রাগ-রসের তেমন অনুকূল নয়—এ বিষয়টির দিকে বিশেষ মনোযোগ দেওয়ার কোন দরকার নেই অথবা এই গানগুলিকে কাটছাঁট করার ঝামেলাতে যাওয়ারও কোন প্রয়োজন নেই।

সঙ্গীতের মারাঠিকরণ

সঙ্গীতের মারাঠিকরণের ভাবনাটিও গানের শব্দার্থের ওপর জোর দেওয়ার ভাবনারই একটি ভাগ যে শব্দগুলি হাতে আছে সেগুলিকেই কেটেছেঁটে গায়করা নিজেদের তান এবং আলাপে প্রয়োগ করে থাকেন। কিন্তু মারাঠি শব্দের দুর্গতি দেখে মারাঠি শ্রোতারা তো নাসিকা কুঞ্চন করবেনই। হিন্দিতে যুক্তাক্ষরের সংখ্যা খুব বেশি নয়। এমনকি যুক্তাক্ষর থাকলেও সেগুলিকে

ভেঙে নেওয়া যায়। কথাবার্তা বলার সময় যেমনকার তেমন থাকলেও কবিতার সুবিধার্থে সেগুলিকে আলাদা আলাদা করে ভেঙে নেওয়া যায়—ব্যাপারটা লক্ষ করার মতো। এইভাবে কিছু সংস্কৃত শব্দের কোমল রূপান্তরও ঘটে যায় হিন্দিতে। যেন 'ভ্রমর' হয় 'ভঁওরা', 'চন্দ্র' থেকে 'চন্দা', 'সন্ধ্যা' থেকে 'সাঁঝ', 'মধ্য' থেকে 'মাঁঝ' বা 'মধ', 'মার্গ' থেকে 'মগ', 'নিষ্ঠুর' থেকে নিঠুর, 'ঠট্‌ঠা' থেকে 'ঠিঠোরী', 'নির্লজ্জ' থেকে 'নিলজ' ইত্যাদি। মারাঠিতেও সঙ্গীতের জন্য এ-রকম রূপান্তরের পদ্ধতি বার করা দরকার।

হিন্দুস্থানী সঙ্গীত এবং মারাঠি ভাষা—এ দুয়ের প্রকৃতি একেবারেই আলাদা। হিন্দুস্থানী সঙ্গীতের স্বভাবের মধ্যে একটা বিশেষ ধরনের মন্থরতা, দরবারী জাঁকজমক, মত্ততা এবং একটা শৌখিনতার ছোঁয়া থাকে। এই গুণগুলি হিন্দি ভাষার ও বৈশিষ্ট্য। মারাঠি ভাষার গাম্ভীর্য, আঁটোসাঁটে গঠন, প্রণালীবদ্ধ রীতি এবং সূক্ষ্ম বিবেচনা প্রভৃতি বৈশিষ্ট্যের থেকে কিন্তু এটা একেবারেই বিপরীতধর্মী। সকলেই জানেন যে সমাজের সাধারণ প্রকৃতির প্রভাব তার ভাষা এবং শিল্পকলা ইত্যাদির ওপরেও পড়ে থাকে। আমরা অবশ্য এ-কথা বলতে চাইছি না যে মারাঠি গান গাওয়াই উচিত নয়। গাওয়া নিশ্চয়ই উচিত, কিন্তু সেগুলি লোকগীতেরই (folk music) অন্তর্ভুক্ত হবে। কাব্যের বিচারে মারাঠি লাবনী এক অত্যুত্তম সৃষ্টি। পোওয়াড়ে, অভঙ্গ এবং ওম্বীও উৎকৃষ্ট সৃষ্টি। লাবনী আসলে মারাঠি ঠুংরী। এগুলিকে স্বরসমূহের সাহায্যে খুব সুন্দরভাবে সাজানো যায়। আজকাল তো নাটকের গানও গাওয়া হচ্ছে খেয়ালের মতো করে। এইসব গান এবং কাব্যগান আজকাল খুবই গুরুত্ব পাচ্ছে। পুরনো গানের অভাবের দরুন আজকালকার সঙ্গীতজীবীদের যদি মানুষের মনোরঞ্জনের জন্য গানের আসরেই নাটকও করতে হয়, তাহলে তাতে অবাক হওয়ার কিছু নেই। বাংলায় গায়কদের মাত্র দুটি শ্রেণী আছে—(১) হিন্দুস্থানী সঙ্গীতের গায়ক, (২) বাংলা অর্থাৎ রবীন্দ্রনাথ ঠাকুর ও অন্যান্যদের শৈলী অনুসারী গায়ক। মহারাষ্ট্রেও ভবিষ্যতে এই ঘটনাই ঘটতে দেখা যাবে। তাতে কোন ক্ষতিও নেই, তবে হিন্দুস্থানী সঙ্গীতকে নষ্ট করে তার মারাঠিকরণ ঘটানো খোদ মহারাষ্ট্রে সফল হবে বলে মনে হয় না। একদিকে যদি আমরা বলি যে সব জায়গায় একই পদ্ধতির সঙ্গীত চালু হওয়া দরকার অর্থাৎ উত্তর ভারতের পদ্ধতি এবং দক্ষিণ ভারতের পদ্ধতির একীকরণ হওয়া দরকার, আর সেই সঙ্গেই অন্যদিকে যদি বলতে থাকি হিন্দুস্থানী গায়নের মারাঠিকরণ হওয়া দরকার, তাহলে আমাদের অবস্থাটা হবে 'ইতো ভ্রষ্টঃ ততো ভ্রষ্টঃ' (এদিকেরও না ওদিকেরও না)-এর মতো। ভাল ভাল নতুন খেয়ালগুলির বন্দিশ মারাঠিতে হলে সকলেই খুশি হবেন, কিন্তু সেগুলিকে অবশ্যই পুরনো খেয়ালগুলির

মতো সুন্দর, আঁটোসাঁটো এবং আকর্ষণীয় হতে হবে। তা না হলে লোকে সেই পুরনো খেয়ালগুলিই শুনবে, নতুনগুলি নয়।

এই মারাঠিকরণ প্রসঙ্গে কখনও-কখণও এমন অভিযোগও শোনা যায় যে, 'আমাদের এখানকার মেয়েরা আপনাদের ঐ 'পিয়া,, 'সৈয়াঁ', 'গুইয়াঁ' বা 'সাস-ননদ'-এর ঝগড়া ইত্যাদি ব্যাপারগুলো বুঝে উঠতে পারে না, আর বুঝলেও এতে তাদের কোন কৌতূহল নেই।" এ ব্যাপারে আমাদের উত্তর হল—এই কারণেই গানগুলিকে হিন্দিতে থাকতে দেওয়া উচিত। তাতে অন্তত স্বরগুলির আনন্দটুকু তো পাওয়া যায়। মারাঠিকরণ করলে সেগুলির যা দুর্দশা হবে, তা দেখলে খানদানী গায়করা চোখের জল আর ধরে রাখতে পারবেন না।

অভিরুচি

'অভিরুচি' হচ্ছে মানসিক অবস্থার একটি বিশিষ্ট রূপ। ব্যবহারিক ক্ষেত্রে এটিকে আমরা রুচি, অরুচি, পছন্দ, বিশেষ অর্থের প্রেম প্রভৃতি নামে চিহ্নিত করে থাকি। এটি দৈবপ্রাপ্ত (ভাগ্যগুণে প্রাপ্ত), বংশগত অথবা স্বাভাবিক হতে পারে। এ বিষয়ে কোন তত্ত্বগত অনুসন্ধান এখনও পর্যন্ত চালানো হয় নি। এই প্রশ্নটির উত্তর খোঁজার দায়িত্ব অর্পণ করতে হবে মনোবিজ্ঞানীদের ওপরেই। তবে সাধারণ অনুভব থেকে আমরা এই নিত্য সম্পর্ক এবং সংস্কারের ফল উপলব্ধি করে থাকি! যে-কোন জিনিসের সংস্পর্শে খুব বেশি করে এলে সেই জিনিসটি আমাদের ভালো লাগতে শুরু করে। এর জ্বলন্ত দৃষ্টান্ত হিসেবে আমাদের এখানকার কিছু সঙ্গীতপ্রেমীর কথা বলা যায়। এঁরা পাশ্চাত্য সঙ্গীত সম্বন্ধে খুব খারাপ খারাপ কথা বলেন। বিলেতে গিয়ে সেখানকার সিম্ফনী এবং অপেরা ইত্যাদি শুনে প্রথম প্রথম কিছুদিন নাসিকা কুঞ্চন করেন, কিন্তু পরে বারবার শুনতে শুনতে ঘনিষ্ঠ পরিচয়ের ফলে যখন সেগুলির রহস্য বুঝতে শুরু করেন তখন প্রশংসায় পঞ্চমুখ হয়ে ওঠেন।

সঙ্গীতের সৌন্দর্য অনুভব করার জন্য প্রথমে আমাদের কান তৈরি করতে হবে—এ কথার অন্তর্নিহিত অর্থ হল সম্পর্কের ফলাফল চিরস্থায়ী হয়। শৈশবে সঙ্গীতের সঙ্গে পরিচয়ের সময় যে গায়কেয় গানে প্রভাবিত হয়ে আমাদের মনে সঙ্গীতের রুচি গড়ে ওঠে, পরবর্তীকালে সঙ্গীত সম্বন্ধে পূর্ণ জ্ঞান অর্জন করার পর যদি আমরা বুঝতে পারি যে সেই গায়ক মোটেই কোন উচ্চশ্রেণীর গায়ক নন, তথাপি অন্যান্য গায়কদের তুলনায় সেই গায়ক আমাদের বেশি প্রিয়ই থেকে যান। ঐ গায়কের থেকে উচ্চশ্রেণীর অনেক গায়কের গান শোনার পরও আমাদের মনে তাঁদের প্রভাব খুব-একটা পড়ে না। অনেকে আবার কোন-কোন গায়কের স্রেফ ভক্ত হয়ে ওঠেন। অনেক সময় গায়করা থাকেন একদিকে

আর অন্যদিকে তাঁদের ভক্তরা খেয়োখেয়ি করেন নিজেদের মধ্যে—দেখলে হাসি পায় এক গায়কের ভক্ত অন্য গায়ককে গালাগাল করছেন, এ আমি বহুবার শুনেছি। গায়করা নিজেদের মধ্যে কিন্তু ভালো ব্যবহারই করে থাকেন।

জীবিকার স্বার্থে কখনও-কখনও এক গায়ক অপর গায়কের নিন্দা করলেও একে অপরের মূল্য সম্বন্ধে তাঁরা সচেতনই থাকেন। ভক্তদের নিজেদের মধ্যে খেয়োখেয়ির কথা শুনে গায়করাও হেসে উঠলে অবাক হওয়ার কিছু নেই। এইসব ভক্তদের যদি জিজ্ঞাসা করা হয় যে অমুক গায়ককেই কেন তোমার ভালো লাগে আর অমুককে কেন ভালো লাগে না, তাহলে তাদের উত্তরে প্রায়ই তেমন কোন যুক্তি থাকে না, সঠিক কারণ বলতে পারে না। তবে গায়কের সমাদর বা অনাদরের ব্যাপারটা যে তাদের মনের গভীরেই লুকিয়ে থাকে, তাতে কোন সন্দেহ নেই। বিবেচনা করে দেখলে এর অন্য কোন কারণ খুঁজে পাওয়া যায় না, শুধু বলতে হয় যে এটা সংসর্গেরই অবশ্যম্ভাবী ফল।

শ্রোতাদের মনে গায়কের ব্যাপারে ব্যক্তিগত সমাদর যেমন থাকে, তেমনি তাঁদের শৈলী এবং ধরন সম্বন্ধেও থাকে। যে শৈলীর গানের সঙ্গে শ্রোতাদের বেশি সংযোগ থাকে, সেই শৈলীর গানই তাদের ভালো লাগতে শুরু করে। এ ব্যাপারে মূল দ্যোতক হচ্ছে গায়কদের ঘরানা। সুদক্ষ গায়কদের গানের প্রতিফলন পড়ে তাঁদের শিষ্য-পরম্পরার গানের মধ্যে এবং ক্রমশ সেটি একটি বিশেষ প্রকারের গায়কীতে পরিণত হয়। এইভাবে ক্রমে ক্রমে গড়ে ওঠে গায়ক-পরম্পরা এবং শ্রোতা-পরম্পরা।

আসরের ওপর বর্তমান পরিস্থিতির প্রভাব

আজকের যুগ হল দ্রুততার যুগ। আসরে বসেই যাঁরা গান শুরু করে দেন এবং একেকটা গান দশ মিনিটেই শেষ করে দেন, সেইসব গায়ককেই লোকে এখন বেশি পছন্দ করে। গায়কের কণ্ঠস্বরের দিকে মনোযোগ দেওয়া কিংবা সারারাত তাঁর সঙ্গে বসে থেকে মেজাজে গান শোনার মতো সময় আজকের শ্রোতাদের নেই। গায়কের গান ঠিকমতো শুরু হওয়ার আগেই অনেক শ্রোতা ঘড়ির দিকে দেখতে থাকেন। এ-রকম শ্রোতা এক-আধজন থাকলেও সতর্ক গায়কের মেজাজ নষ্ট করে দেওয়ার পক্ষে তারাই যথেষ্ট। গান চলার সময় বাজার দর নিয়ে আলোচনা করেন—এমন শ্রোতাও দেখা যায়। তবে আগে উল্লিখিত ঐ ঘড়ি-দেখনেওয়ালা শ্রোতারাই বেশি ভয়ংকর। নিজেদের ঘড়ির দিকে তাকিয়ে নিয়ে তারা যেন গায়ককে বলতে চায়, 'হ্যাঁ হ্যাঁ, এটা শোনা হয়ে গেছে, এবার পরেরটা শুরু করো তো বাপু!' গান সম্বন্ধে এ সব শ্রোতা কিছুটা খোঁজখবরও রাখে, কিন্তু আসলে এরা হচ্ছে গানের নমুনা

শোনার দলে। কোন-একটা গান কোন্ রাগে কোনভাবে বন্দিশ করা হয়েছে —তাদের জিজ্ঞাস্য শুধু সেটুকুই।

আজকাল গায়কের গুণাগুণ স্থির করা হয় এইসব কথা বিচার করে— নিজের গলাকে তিনি কত জোরদারভাবে ঘোরাতে-ফেরাতে পারেন, তবল্চির সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন কিনা, রাগের মধ্যে নতুন নতুন স্বর আনতে পারেন কিনা, প্রচুর অঙ্গভঙ্গী করেন কি না, কোন্ পট্টীতে (স্বরে) গেয়ে থাকেন, উঁচু স্বরে গাওয়ার সময়ও তার-সপ্তকের ওপরের দিক পর্যন্ত উঠতে পারেন কিনা, খুব কায়দা করে বসেন কিনা, মাঝে-মাঝে চটকদার গান-টান শোনান কিনা ইত্যাদি। আজকাল তো কিছু কিছু গায়ক বাদককে পাশ্চাত্য সঙ্গীতের খানিকটা অনুকরণও করতে হচ্ছে। রাগের শুদ্ধতা, গান গাওয়ার ধরন, স্বর প্রয়োগের পদ্ধতি, স্বর-রচনার দক্ষতা, স্বরের ওপর থামা, স্বরের সঠিক স্থান, গায়কীর ধরন, রেওয়াজী গলায় স্বাভাবিক ও প্রস্ফুটনযোগ্য কণ্ঠস্বর, লয়ের কুশলতা, সমে আসার দক্ষতা, সমপ্রকৃতির রাগগুলি থেকে গেয় রাগটিকে পৃথক রাখার নৈপুণ্য, স্বরসমূহের পারস্পরিক অল্পত্ব বা বহুত্ব, মনের ওপর রাগ-স্বরূপের প্রভাব প্রভৃতি বিষয়গুলির দিকে খুব কম সংখ্যক লোকই মনোযোগ দেন। এই অবস্থাটি অত্যন্ত ক্ষতিকর। এই ক্রমিক পুস্তকমালায় খানদানী গানগুলি আমরা উদ্ধৃত করেছি মূলত এই বিষয়গুলির ওপর জোর দেওয়ার উদ্দেশ্য নিয়েই—রাগ, শব্দার্থ এবং রসের সমন্বয় ঘটানোর জন্য নয়!

সঙ্গীত-শিক্ষার্থীদের অগ্রগতি

যে-কোন গায়কেরই সঙ্গীতশিক্ষার ইতিহাস অত্যন্ত চিত্তাকর্ষক। এ শিক্ষায় সাধারণত তিনটি ধাপ থাকে। প্রথমে থাকে শুধু নাদের প্রতি আকর্ষণ। যে-কোন সুস্বর বা সুমিষ্ট গান শুনে গানের প্রতি একটা রুচি গড়ে ওঠে। এ অবস্থায় রাগের শুদ্ধতা প্রভৃতি বিষয়ের দিকে মনোযোগ থাকে না। গান যদি মিষ্টি হয় আর তার শব্দরচনা সুন্দর হয়, তাহলেই সেটা ভালো লেগে যায়। আমারও ঐ-রকম চমৎকার গলা চাই—এই আকাঙ্ক্ষা থেকেই সে তখন সঙ্গীত শিখতে শুরু করে। সাধারণ স্বরজ্ঞান এবং রাগজ্ঞান গড়ে ওঠার পর তার চিন্তায় বিচার-বিবেচনা আসে অথবা সে ছিদ্রান্বেষী (অপরের ভুলত্রুটি খোঁজার অভ্যাস) হয়ে ওঠে। এটা হচ্ছে দ্বিতীয় ধাপ। এই অবস্থায় সে নিজে যা-কিছু শিখেছে, অন্য কেউ তার থেকে কিছুটা আলাদাভাবে গাইলেও শিক্ষার্থী মনে করে অপর গায়কটি ভুল গাইছে। তবে ভালো ভালো গায়কদের গান শোনা এবং বিশেষভাবে অভ্যাস করার পর ঐ-সব গায়কদেরও শৈলী-

সমূহের বৈশিষ্ট্য, রাগের অন্তর্গত স্বরগুলির পারস্পরিক অল্পত্ব-বহুত্বের গুরুত্ব এবং স্বরোচ্চারণের বিভিন্ন ধরণ বুঝতে তার আর অসুবিধে হয় না। রাগের মধ্যে উপযুক্ত স্বর-বিন্যাস প্রয়োগ করার মধ্যেই নিহিত থাকে গায়কের নৈপুণ্য। রাগ সুদক্ষ গায়কের সম্পূর্ণ আয়ত্তে থাকে, তিনি কখনও রাগের দাস হন না। কখনও রাগকে আদরযত্ন করে, কখনও তার সঙ্গে লুকোচুরি খেলতে খেলতে, আবার কখনও-বা ভক্তিভরে তার উপাসনা করতে করতে গায়ক নিজে তার মধ্যে ডুবে যান এবং শ্রোতাদের অন্তরকেও নিয়ে চলেন নিজের সঙ্গে। এই বিষয়টি যে সব শ্রোতা বোঝেন, গায়কের চোখে তাঁরা খুবই গুরুত্ব-পূর্ণ হয়ে ওঠেন। এই তৃতীয় অবস্থাটি সম্পাদন করেন যে শ্রোতারা, তাঁরা নিজেরাও প্রায়শঃই দক্ষ গায়ক হয়ে থাকেন। গাওয়ার সময় কোন দিক থেকে যদি ফরমাশ আসে যে 'এবার দু'একটা সিনেমার গান হয়ে যাক', তাহলে বেচারা গায়কের অবস্থা এমন দাঁড়ায়, যেন কেউ তাকে শারীরিক আঘাত করেছে। গায়কদের মধ্যে একটা কথা খুব শুনতে পাওয়া যায়ঃ 'যারা সম্মান করে তারা আমাদের গোলাম আর যারা সম্মান করে না আমরা তাদের গোলাম।'

এর অর্থ হল এই যে, সঙ্গীতের অগ্রগতি গায়ক-বাদকদের ওপর যতটা নির্ভর করে ঠিক ততটাই নির্ভর করে শ্রোতাদের ওপরেও। জনরুচি গড়ে তোলেন গায়ক-বাদকরা, আবার তাঁদের শিল্পের প্রদর্শক হল জনরুচি। এটাই হচ্ছে জনরুচি এবং গায়নশিল্পের পারস্পরিক সম্পর্ক।

রাগ ও রস

রাগের সৌন্দর্যের মূল কারণ খুঁজতে খুঁজতে রাগ থেকে রস সৃষ্টির কল্পনা গড়ে উঠেছে এবং তার পাশাপাশি সাংসারিক জীবনের সঙ্গে সঙ্গীতের সম্পর্ক প্রমাণ করার প্রচেষ্টাও কোথাও কোথাও চলছে। এক কথায় বলা যায় সঙ্গীতের সগুণ উপাসনা শুরু হচ্ছে। এ-সব বিষয়কে নিন্দা করা আমাদের উদ্দেশ্য নয়। এগুলি তো একান্তই অপরিহার্য। সঙ্গীতকলা এখন জনসাধারণের আশ্রয়েই লালিত হচ্ছে, কাজেই জনরুচি অনুযায়ী এ-সব বিষয় তো নিতান্তই স্বাভাবিক।

কাব্য, চিত্রকলা এবং সঙ্গীতের সমন্বয় করার রীতিটি যথেষ্টই প্রাচীন। এই তিনটি শিল্পসৃষ্টির মধ্যে একটা সীমা পর্যন্ত মিল আছে বলেই মনে হয়। প্রকৃতপক্ষে 'রস' হচ্ছে কাব্যের বিষয়, কিন্তু উপরোক্ত কারণে রাগ থেকেও রস সৃষ্টি হওয়া প্রয়োজন বলে ধরে নিলে তাতে অবাক হওয়ার কিছুই নেই। সঙ্গীতকে প্রকাশ করার জন্য আওয়াজ (স্বর) ছাড়া দ্বিতীয় কোন উপায় নেই। যদি শুধু আওয়াজের কথাই ধরা হয় তাহলে হাসা, কাঁদা, ক্রুদ্ধ হওয়া,

ভালবাসার শব্দ করা, ভয়ে অথবা বিস্ময়ে চিৎকার করা ইত্যাদি ব্যাপারগুলি থেকে আওয়াজকারী ব্যক্তির মনের অবস্থা সহজেই বোঝা যায়। এই আওয়াজগুলি (স্বরগুলি) একটি অপরটির থেকে কতটা উঁচু বা নীচু তা বোঝা, সেগুলির স্বর-লিখন করা এবং সেগুলি কোন্ রাগে কিভাবে উপযোগী হতে পারে তা নির্ধারিন করা এবং সেগুলি যদি কোন রাগেই উপযোগী না হয় তাহলে সেই বিশেষ রসের উপযুক্ত নতুন রাগ সৃষ্টি করা—এই বিষয়গুলি একের পর এক ঘটে চলে। স্বরগুলিতে লয় এবং শব্দ যোজনার সাহায্যে এই কথাটি কিছুটা প্রমাণিতও হয়।

সঙ্গীতের অনেকগুলি দিকের মধ্যে রসসৃষ্টি একটি। রাগ এবং রস সম্পর্কে তত্ত্বগত মূল্যায়ন এখনও সম্পূর্ণ হয় নি। আপাতভাবে যতটা সরল মনে হয় বিষয়টি ঠিক ততটা সরল নয় শুধুমাত্র 'সরীবীরেহদ্‌ভূতে রৌদ্র' ইত্যাদি প্রাচীন গ্রন্থের উক্তিগুলিকে আধুনিক স্বর ও রাগের ক্ষেত্রে চালু করে দিলেই এ সমস্যা মিটে যায় না। যে-সব গ্রন্থের দৃষ্টান্তকে আমরা উদাহরণ হিসেবে গ্রহণ করছি, তাতে বর্ণিত স্বরগুলির এবং আধুনিক স্বরগুলির নাম ও লক্ষণ কি একই, অথবা ভিন্ন ভিন্ন? এই প্রশ্নটির মীমাংসা না হওয়া পর্যন্ত ঐ-সব গ্রন্থের বক্তব্যকে ভিত্তি হিসেবে গ্রহণ করা যাবে না। তাছাড়া স্বর সবসময়ই অন্যের ওপর নির্ভরশীল হয়। প্রাচীন 'জাতি'-গানে পর্যায়-অংশও থাকত, ফলে একই জাতির মধ্যে বিভিন্ন স্বরকে কেন্দ্র বলে ধরে নিয়ে বিভিন্ন প্রভাব সৃষ্টি করাই ছিল তখনকার গানের বিশেষত্ব। কেন্দ্র-স্বর পরিবর্তিত হলে রাগের অন্যান্য স্বরের ওপরেও যে তার প্রভাব পড়ত, তা বুঝতে অসুবিধে হয় না। কাজেই কোন্ রাগ অথবা কোন্ স্বর থেকে কোন্ ধরনের রস সৃষ্টি হয়, তা বলা অন্তত আজকের সঙ্গীতের ক্ষেত্রে নিতান্তই দুষ্কর। এক্ষেত্রে অনেক বিষয় বিশ্লেষণ করতে হবে। এ থেকেই বোঝা যায় যে কাজটি নিতান্ত সাধারণ কাজ নয়। একই রাগকে যদি বিভিন্ন বিভিন্ন প্রকারের গানের সাহায্যে বিভিন্ন গায়ক গান এবং তাসত্ত্বেও তা যদি শ্রোতাদের মনে একই প্রভাব ফেলে, তাহলে বলা চলে যে ঐ রাগটি একটি বিশেষ রসই সৃষ্টি করে থাকে। এ ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য রাগটিকে নানান ধরনে গেয়ে দেখতে হবে। একই গায়কের মনের অবস্থা সবসময় একরকম থাকে না। শ্রোতাদের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। কোন বিশেষ রাগ গাওয়ার জন্য পরিবেশ সবসময় একইরকম থাকবে, এ কথাও বলা চলে না। সব গায়ক একই রাগকে একই শৈলীতে গাইবেন, এমনটাও ধরে নেওয়া যায় না। বরং এর ঠিক বিপরীতে সুদক্ষ গায়করা একই রাগকে বিভিন্ন প্রসঙ্গে বিভিন্ন ধরনে গাইতে পারেন। নিজেদের মানসিক অবস্থা অনুযায়ী রাগের ধরন ঠিক করে নেন তাঁরা। এইসব বিভিন্ন সমস্যা থেকে সার্থকভাবে উত্তীর্ণ হয়ে রাগ যদি একইরকম

প্রভাব সৃষ্টি করতে পারে, একমাত্র তাহলেই এ বিষয়ে সুনিশ্চিত কোন সিদ্ধান্তে আসা সম্ভব।

বিশ্লেষণ করে দেখলে বোঝা যায় রসের সঙ্গে রাগের প্রত্যক্ষ সম্পর্ক প্রতিষ্ঠিত করা অত্যন্ত দুরূহ। চিন্তাকে জাগিয়ে তুলে রসসৃষ্টি করার জন্য গানের শৈলী, উপযুক্ত কন্ঠস্বর, উচ্চারণ, গানের লয়, গানের কথা এবং অল্পবিস্তর অঙ্গভঙ্গীরও প্রয়োজনও হয়। এগুলির যথাযথ প্রয়োগে যথেষ্ট পরিমানে রস সৃষ্টি হয়ে থাকে। এই বিশ্লেষণের পিছনেও কয়েকটি নির্দিষ্ট নিয়মের কথা উল্লেখ করা যায়। ভারী স্বর থেকে যেমন করুণ বা শান্ত রস সৃষ্টি হতে পারে না, তেমনি সরু বা হালকা স্বর থেকেও সৃষ্টি হতে পারে না বীর বা রৌদ্র রস। শঙ্করা, মালশ্রী, কামোদ, কেদার, হম্বীর, নট প্রভৃতি রাগ থেকে শান্ত বা করুণ রস সৃষ্টি করার প্রচেষ্টা ঐ রাগগুলির প্রকৃতির সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। তেমনি শ্রী, ভৈরব, জোগিয়া, আসাবরী, তোড়ী, পীলু, ভৈরবী প্রভৃতি রাগ থেকে রৌদ্র অথবা বীর রস সৃষ্টি করাও অসম্ভব। তবে এটাও নিছক একটা বিতর্ক মাত্র। রাগের শুধুমাত্র আলাপটুকু করে কিংবা বীণায় শুধু জোড়ের কাজটুকু করে কিছুতেই বলা সম্ভব নয় যে তা থেকে কোনু রস সৃষ্টি হবে। এই রাগগুলি শুনলে মনে তার প্রভাব অবশ্য পড়েই। প্রতিটি রাগই শ্রোতাদের মনে একটা বিশেষ ছাপ ফেলে।

রাগ হচ্ছে একটি সৌরভময় ফুলের মতো। ফুলের সুগন্ধ থেকে রস উদ্ভূত হয় না, কিন্তু ফুলের গন্ধে আমাদের মন ভরে উঠে এক অনির্বচনীয় আনন্দে। মন উত্তেজিত হয়ে ওঠে, তন্ময় ও একাগ্র হয় এবং মনের সমস্ত শক্তি গতিসম্পন্ন হয়ে ওঠে। একই ভাবে রাগকে মনোহরভাবে গাইলে বা বাজালে তারও প্রভাব পড়ে মনের ওপর, তবে এই প্রভাব যে কোন একটি বিশেষ রস তা বলা চলে না। এই প্রভাবের বর্ণনা দেওয়া সম্ভব নয়। একে বড়জোর 'নাদ-মোহ' বলা যায়। কেউ কেউ মনে করেন নই 'নাদ-মোহ' মনের অন্যান্য অবস্থার থেকে আলাদা। তবু এই মুহূর্তে প্রত্যক্ষ প্রমানের অভাবে রাগ ও রস সম্বন্ধে সুনিশ্চিতভাবে কিছু বলা সম্ভব নয়।

রাগসঙ্গীতে সাংসারিক জীবনের দিকদর্শন

এবার দেখা দরকার সঙ্গীতের মধ্যে সাংসারিক জীবনের দিকদর্শন কতদূর পর্যন্ত সম্ভব। এক্ষেত্রে রাগসঙ্গীতের খুব-একটা উপযোগিতা থাকতে পারে না। আজকাল জনরুচি অনুয়ায়ী নতুন এক ধরনের সঙ্গীত চালু হয়েছে। একে লোকসঙ্গীতের একটি রূপ বলেই ধরে নেওয়া যায়। এতে গানের কথা, আশপাশের পরিবেশ, গানের তাল, বাদ্য, গায়কের কন্ঠস্বর, গানের প্রসঙ্গ

প্রভৃতি বিষয়েরই গুরুত্ব বেশি থাকে। এই গান শুধুমাত্র গান না হয়ে অন্যকিছু উদ্দেশ্য সিদ্ধ করার একটি উপায় হিসেবেও প্রতিভাত হবে, তবে এর অগ্রগতিও আমাদের সঙ্গীতের মূল তত্ত্বের ভিত্তি হওয়াই শ্রেয়স্কর।

সঙ্গীতজীবী শ্রেণী

সঙ্গীতজীবী ব্যক্তিদের মূল শ্রেণী চারটি—(১) বাগ্গেয়কার (গীতকার) বা নায়ক, (২) কলাবন্ত (গায়ক-বাদক), (৩) সঙ্গীতশিক্ষক, (৪) সঙ্গীত-শাস্ত্রকার। এই চারটি শ্রেণীর বিষয়, প্রয়োজনীয় সাধনা এবং উপায় ভিন্ন ভিন্ন হওয়ার দরুণ কার্যত এগুলি আলাদা আলাদা পেশায় পরিণত হয়। চারটি শ্রেণীতেই উচ্চ স্তরে উপনীত ব্যক্তির সংখ্যা খুব কমই হয়ে থাকে। উচ্চ স্তরে উপনীত এই বিরল সংখ্যক ব্যক্তিদের সঙ্গীতের উদ্ধার সাধনের জন্য অবতীর্ণ মনীষী বলেই মনে করা হয়। এছাড়াও ঐ চারটি শাখাতেই নিপুণ কিছু ব্যক্তির খোঁজ মেলে। এগুলির মধ্যে যে-কোন একটি বিষয়কে গ্রহণ করে তাতে দক্ষতা অর্জন করতে পারাটাই যে-কোন মানুষের পক্ষে একটা বিরাট ব্যাপার। প্রত্যেক সঙ্গীতজ্ঞেরই যে এই প্রতিটি শাখার সম্বন্ধেই অল্পবিস্তর জ্ঞান থাকা দরকার, সে ব্যাপারে কোন সন্দেহই নেই। নিরক্ষর গায়ক-বাদক, স্বরজ্ঞানহীন শাস্ত্রকার, সঙ্গীতজ্ঞানহীন কবি এবং অরসিক সঙ্গীতশিক্ষক—এঁরা প্রত্যেকেই আসলে অন্ধের মতো দিকদিশাহীন। পাশ্চাত্য দেশগুলিতেও সঙ্গীতজীবীদের মধ্যে এই চারটি শ্রেণী দেখা যায়। গীতকারদের মধ্যে শুবার্ট, বিটোফেন, বাখ, হ্যাণ্ডেল, মোজার্ট এবং ভাগনার; গায়কদের মধ্যে মোহম, ক্যাবলিক, করুজো, পল রোবসন : শাস্ত্রকারদের মধ্যে হেলমুহোল্টজ্, উইলিয়ম পল এবং সঙ্গীত শিক্ষকদের মধ্যে স্যর আগস্ট মেন্স, বীচহম, স্যর চার্লস হল প্রভৃতিরা নিজের নিজের ক্ষেত্রে সুপরিচিত নাম।

বাগ্গেয়কার

বাগ্গেয়কার অর্থাৎ গীতকারদের সঙ্গীতজ্ঞান, উন্নত ভাষাজ্ঞান, কাব্যপ্রতিভা রসবোধ এবং জনরুচি বোঝার ক্ষমতা—এই গুণগুলি থাকা অত্যাবশ্যক। কোন ব্যক্তি যত বড়ই কবি হোন না কেন, আসরে গাওয়ার উপযুক্ত গান লেখার জন্য তাঁকে সঙ্গীত সম্বন্ধে কিছুটা জ্ঞান অর্জন করতেই হবে। একইভাবে রাগসঙ্গীতে প্রচলিত হিন্দুস্থানী ভাষার ওপরেও তাঁর যথেষ্ট দখল থাকা দরকার। এইসব কিছুর সমন্বয়েই তাঁর গান জনপ্রিয় হয়ে উঠতে পারে।

কলাবন্ত (গায়ক-বাদক)

সুনিপুণ হয়ে ওঠাটাই কলাবন্তদের প্রধান গুণ। প্রতিদিন রেওয়াজ করে কণ্ঠ অথবা হাত তৈরি করাই হচ্ছে গায়ক-বাদকদের মুখ্য কর্তব্য এবং লক্ষ্য। প্রাচীনকালের সঙ্গীতশিক্ষার্থীদের থেকে আজকের দিনের সঙ্গীতশিক্ষার্থীদের অবস্থা অনেক ভালো। শিক্ষার্থীদের প্রথমে স্বরজ্ঞান শেখানোই আজকের শিক্ষাপদ্ধতির সর্বসম্মত রীতি হওয়ার ফলে প্রয়োজনীয় স্বরজ্ঞানটা শিক্ষার্থীরা প্রথমেই পেয়ে যায়। তাছাড়া পাঠ্যপুস্তকে স্বরলিপি সহ গানও মুদ্রিত অবস্থায় পাওয়া যাচ্ছে। প্রাচীনকালে শিক্ষার্থীদের গান শিখতে হত শিক্ষকের কাছে শুনে শুনে, পরে স্মরণশক্তি সাহায্যে সেটি মনে করে গলায় তুলতে হত। ফলে স্বাভাবিক ভাবেই গলার পরিশ্রম হত প্রচুর। কিন্তু এখন পুরো গানটাই আমাদের মাথায় থাকার দরুন পরিশ্রম করে সেটিকে আয়ত্ত করার কথা আমরা ভাবতেই পারি না। 'বইতে তো লেখাই আছে, যখন হোক দেখে নেবো'— এ-রকম ধারণা মাথায় থাকার ফলে শিক্ষার্থীদের আর তেমন খাটার মানসিকতা থাকে না। কিন্তু যখন সরাসরি গান গাওয়ার প্রশ্ন আসে তখন মাথার ভাবনা গলায় সম্পূর্ণভাবে ফুটে ওঠে না, ফলে দুর্দশা হয় গানের। সঙ্গীতশিক্ষার্থীদের মনে রাখা দরকার যে স্বরজ্ঞান এবং পুস্তকের প্রয়োজনীয়তা শুধু পড়ে মাথায় রেখে দেওয়ার জন্য নয়, বরং সবথেকে প্রয়োজনীয় হল গানকে গলায় নিয়ে আসা বা হাতের সাহায্যে বাদ্যযন্ত্রে যথাযথ ধ্বনি ফুটিয়ে তোলা। এই গুরুত্বপূর্ণ বিষয়টির দিকে শিক্ষার্থীদের মন দেওয়া দরকার। জীবনে যারা গায়ক-বাদকের জীবিকাই গ্রহণ করবে, তাদেরই এটা দরকার আরও বেশি করে। স্বরজ্ঞান এবং পুস্তকের সাহায্যে শিক্ষার্থীদের অর্ধেক পরিশ্রম এমনিতেই বেঁচে যায়। তাই আজকের দিনে শিক্ষার্থীরা ভালোভাবে জেনেবুঝে পরিশ্রম করার সুযোগ পায়। শেখানো গান অথবা তান-আলাপগুলি বারবার অভ্যাস করে কণ্ঠস্বরে মাধুর্য নিয়ে আসা ছাড়া তাদের আর বিশেষ কিছু করার থাকে না। তাছাড়া রেডিও, গ্রামোফোন ইত্যাদি সহজলভ্য যন্ত্র হাতের কাছে থাকার দরুণ তাদের সামনে একটা আদর্শ রূপ সারাক্ষণই হাজির থাকে, কাজেই আজও এই দেশে ইতিহাস প্রসিদ্ধ শিল্পীদের মতো সুনিপুণ সুবিখ্যাত গায়ক-বাদকদের জন্ম হওয়া আদৌ কোন অসম্ভব ব্যাপার নয়।

সঙ্গীত-শিক্ষক

সঙ্গীতের শিক্ষাদানও একটি গুরুত্বপূর্ণ বিষয়। কোন সঙ্গীতশিক্ষক আসরে গান-বাজনা না করলেও যথাযথ স্বর এবং তাল সহ গান-বাজনা করার যোগ্যতা তাঁর মধ্যে থাকাটা নিতান্তই অপরিহার্য। তা না হলে শিক্ষার্থীদের

ওপর তিনি প্রভাব বিস্তার করতে পারবেন না। এছাড়া সঙ্গীতশিক্ষকের আরও কিছু গুণ থাকা আবশ্যক, যেমন শান্ত চিত্ততা, শিক্ষার্থীদের অসুবিধাগুলি বোঝা এবং সে ব্যাপারে তাদের সাহায্য করা, তাদের কণ্ঠস্বরের গুণ, গ্রহণ-শক্তি ও রুচি সম্বন্ধে সচেতন থাকা এবং সরল রীতিতে ভালোভাবে মনোরঞ্জন করার যোগ্য সুন্দর পদ্ধতি সম্বন্ধে জ্ঞান থাকাও কাম্য। নিজের বিষয়টিকে ভালোভাবে বোঝানোর ক্ষমতাও তাঁর থাকা চাই। শিক্ষার্থীদের ধীরে ধীরে পরিশ্রম করানোর যোগ্যতা এবং নিজে গেয়ে-বাজিয়ে তাদের সামনে এক উত্তম আদর্শ স্থাপন করার ক্ষমতাও থাকা চাই ভালো শিক্ষকের। ভালো গায়ক-বাদকরাই যে ভালো শিক্ষক হতে পারবেন, এমন কোন কথা নেই। কারণ শিক্ষা দেওয়াটা শিল্পীদের স্বভাব এবং কাজের পক্ষে খুব অনুকূল নয়। তাঁদের শিক্ষাদান ব্যবহারিক ক্ষেত্রে শুধু দেখিয়ে দেওয়ার কাজটুকুই করতে পারে। এই দেখিয়ে দেওয়াটা কোন সুন্দর দৃশ্যের মতো একটা আদর্শ হয়ে ওঠে। সুদক্ষ গায়কদের গান শুনে অনেকেই তাঁদের কাছে তালিম নেওয়ার জন্য ছোটেন। প্রথম দিকে এইসব গায়করা নিজেদের ছাত্রদের সঙ্গে সঙ্গতি রেখে আস্তে আস্তে গাওয়ায় তেমন মন দিতে পারেন না। শেখানোর সময় এইসব গায়করা নিজেদের মতো করে গাইতে থাকেন এবং ছাত্রদের কাছ থেকেও সেইরকম সুনিপুণ গান প্রত্যাশা করেন।

ছাত্রের গলা সাধারণভাবে তৈরি হলে সে প্রারম্ভিক তানগুলি গাওয়ার চেষ্টা করে, কিন্তু গুরুরা তখনই এমন একটা জবরদস্ত তান তাদের সামনে হাজির করেন যে ছাত্ররা ঘাবড়ে যায়। এ-রকম তালিমে কোন লাভই হয় না। ছাত্রের মনে দৃঢ়তা থাকলে সে যথাসম্ভব নিজের গুরুর গাওয়ার ধরণটি গলায় অল্পবিস্তর তুলে নেবে। 'এক আঙুল গুরুর আর এক হাত নিজের'—এ-রকম লক্ষণই ফুটে উঠবে তার গানে। কিন্তু ছাত্রটি একবারে কাঁচা হলে গুরুর ক্ষমতা দেখে বেচারা ঘাবড়ে যায় এবং 'আমি ভুল পথে চলেছি' বলে ধরে নিয়ে কিছুদিনের মধ্যেই হাল ছেড়ে দেয়। আসরে যে-সব গায়ক গান গেয়ে থাকেন, তাঁরা যদি শিক্ষার্থীদের সঙ্গে একত্রে স্বর স্থান, গান, তান-আলাপ প্রভৃতি চর্চা করতে শুরু করেন তাহলে কিছুদিনের মধ্যেই তাঁদের গানের কান নষ্ট হয়ে যায়, নষ্ট হয়ে যায় তাঁদের গানের মাধুর্য, রুদ্ধ হয়ে যায় নতুন নতুন কল্পনার উৎসমুখ। গান শেখাতে শেখাতে নিজের গানের রস শুকিয়ে যায়। আসরে গান গাইতেন এমন অনেক গায়কের জীবনে এর জলন্ত দৃষ্টান্ত খুঁজে পাওয়া যায়।

তাই সঙ্গীতশিক্ষকদের আসরে গেয়ে সুনাম অর্জনের চেষ্টা না করাই উচিত কারণ বিভিন্ন শিক্ষার্থীর সঙ্গে সঙ্গতি রাখতে গিয়ে এবং তাদের অপস্বর ও অশুদ্ধ উচ্চারণ শোধরাতে শোধরাতে সঙ্গীতশিক্ষকের কণ্ঠস্বর আর কানের

স্থিরতা নষ্ট হয়ে যায় এবং তিনি প্রয়োজনের থেকে বেশি সতর্ক হয়ে ওঠেন। স্বর-স্থান ও তাল গুণে গুণে গাওয়া অভ্যাস হয়ে যায় তাঁর, ফলে আসরে আর আনন্দদায়ক গান গেয়ে উঠতে পারেন না। কিন্তু তাঁরা যে ভালো ভালো ছাত্র তৈরি করতে পারেন, সে-কথা অনস্বীকার্য। অনেক সুবিখ্যাত গায়কের গুরুদের নাম শ্রোতারা জানে না। বেচারা খাঁ সাহেব তো পীর মুর্শিদের নাম শুনলেই নিজের কান মলতে থাকেন, কিন্তু এই খাঁ সাহেবের ঐ গুরু কেমন ছিলেন আর আসরের গানে তাঁর খ্যাতিই বা নেই কেন? এ-রকম একটা সমস্যা অনেক ক্ষেত্রেই দেখা দেয়, কিন্তু 'ফলেই গাছের পরিচয়' কিংবা 'কাজের সাহায্যেই কর্তাকে বোঝো' এই দৃষ্টিকোণ থেকে এইসব শিক্ষকরা বাস্তবে যথার্থই পূজনীয়

সঙ্গীত-শাস্ত্রকার

